গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ইন্দুরকানী, পিরোজপুর।
indurkani.pirojpur.gov.bd

# বিজ্ঞপ্তি

এতদ্বারা ইন্দুরকানী উপজেলার সর্বসাধারনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা "মুজিববর্ষে দেশে কেউ ভূমিহীন ও গৃহহীন থাকবে না" এ নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা প্রশাসন কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে উপজেলার বিভিন্ন জায়গায় জমি বন্দোবস্তপূর্বক ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন করা হয়েছে। ৩য় পর্যায়ে ভূমিহীন ও গৃহহীন অর্থাৎ "ক" শ্রেণীর পরিবার পুনর্বাসনের লক্ষ্যে প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবার বাদ পড়ে থাকলে তাদের তথ্য নিম্নবর্ণিত ছক মোতাবেক উপজেলার সকল ইউনিয়ন পরিষদসমূহের চেয়ারম্যান/প্রশাসকদেরকে জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| ক্রমিক নং | উপকারভোগীর নাম (স্বামী ও স্ত্রী উভয়ের) | জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর (যে কোন একজনের) | ঠিকানা (গ্রাম/ওয়ার্ড/ইউনিয়ন) | পেশা ও মাসিক আয় (যে কোন একজনের) | ছবি (স্বামী ও স্ত্রী উভয়ের) |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |

এমতাবস্থায়, মুজিববর্ষে উপজেলার সকল প্রকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারকে ভূমিসহ ঘর নির্মাণ করে পুনর্বাসন কার্যক্রম শতভাগ বাস্তবায়নের জন্য চেয়ারম্যান/প্রশাসক, ইউনিয়ন পরিষদ(সকল), ইন্দুরকানী, পিরোজপুরের নিকট ভূমিহীন ও গৃহহীনদের পরিবার উল্লিখিত ছকে বর্ণিত চাহিত তথ্য নিয়ে আগামী ১৪/০৭/২০২১ তারিখের মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। প্রকৃত ভূমিহীন ও গৃহহীন ছাড়া অন্য কারো নাম গ্রহণযোগ্য হবে না।

১১/৭/২১

(লুৎফুন্নেসা খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।
ফোনঃ ০৪৬২২-৫৬০০১
মোবাঃ ০১৩২১-১৩৪০৩২
Email: indurkaniuno@gmail.com

স্মারক নং ঃ ০৫.১০.৭৯৯০.০০৭.১৮.০৪১.২১- ৪৪১

তারিখঃ ২৭ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১১ জুলাই ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১২৮, পিরোজপুর-২
০২। জেলা প্রশাসক, পিরোজপুর।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর।
০৪। চেয়ারম্যান/প্রশাসক, পাড়েরহাট/পত্তাশী/বালিপাড়া/ইন্দুরকানী সদর/চন্ডিপুর, ইউনিয়ন পরিষদ, ইন্দুরকানী, পিরোজপুর। [বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে, নিকটবর্তী সুবিধাজনক স্থানে ও ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
০৫। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ইন্দুরকানী, পিরোজপুর। [এ কার্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।]
০৬। নোটিশ বোর্ড।
০৭। মাষ্টার ফাইল/অফিস কপি।

১১/৭/২১

(লুৎফুন্নেসা খানম)
উপজেলা নির্বাহী অফিসার
ইন্দুরকানী, পিরোজপুর।